আজকের কাগজ

তারিখ 02 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৫

১৪৬

# স্বাধীনতাবিরোধীদের প্রশ্নে ঢাঃ বিঃ শিক্ষক সমিতির নির্বাচনে সরকার ও জামাত সমর্থিত সাদা প্যানেল দ্বিধাবিভক্ত

মোস্তাক হোসেন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি নির্বাচনে সরকারি দল সমর্থিত সাদা প্যানেলটি দ্বিধাবিভক্ত হয়ে গেছে বলে জানা গেছে। শিক্ষক সমিতির সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, সাদা প্যানেলের সমর্থক প্রায় ১২ জন শিক্ষক সম্প্রতি প্যানেলের কতিপয় স্বাধীনতাবিরোধী প্রার্থীর বিরুদ্ধে সকল প্রগতিশীল শিক্ষকদের এক বিবৃতিতে স্বাক্ষর করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাম্প্রদায়িক জামাত শিবির চক্রকে এবং তাদের সহযোগীদের প্রত্যাখ্যানের আহবান জানিয়েছেন। আগামী ৯ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সাদা প্যানেলের যে শিক্ষকরা স্বাধীনতাবিরোধী শিক্ষকদের শিক্ষক সমিতি নির্বাচনে পরাজিত করার আহবান জানিয়েছেন বলে জানা গেছে। তারা হচ্ছেন দর্শন বিভাগের হাসনা বেগম, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইন্সটিটিউটের বদরুন নাহার, বাংলা বিভাগের ডঃ ইয়ারুল কবীর, সংস্কৃত ও পলি বিভাগের ডঃ নারায়ণ বিশ্বাস, অর্থনীতি বিভাগের সুশীল রঞ্জন হাওলাদার। প্রাণ রসায়ন বিভাগের শরীফ আখতারুজ্জামান প্রমুখ। বিবৃতিতে

এসব শিক্ষকরা স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে একটি আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্যে ধর্মব্যবসায়ী সাম্প্রদায়িক মৌলবাদী শক্তিকে সামাজিক জীবনে বয়কটের জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল প্রগতিশীল শিক্ষকের প্রতি আহবান জানিয়েছেন। সাদা প্যানেলের সমর্থক এসব শিক্ষক যেসব কারণে নিজেদের প্যানেলের বিরোধিতা করছেন বলে জানা গেছে সেগুলো হচ্ছে সাদা প্যানেলে জামাত সমর্থিতদের সংখ্যাধিক্য, সভাপতি ও সাধারণ সম্পাদক উভয়েই জামাতপন্থী হওয়া, সাদা প্যানেলের একজন প্রার্থী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কেলেংকারির জন্যে সিন্ডিকেট কর্তৃক শাস্তিপ্রাপ্ত হওয়া ইত্যাদি। সূত্র জানায় এসব কারণ উল্লেখ্য করে সাদা প্যানেলের এসব সমর্থক তাদের প্যানেলকে স্বাধীনতাবিরোধীদের কবল থেকে রক্ষা করার আহবান জানিয়েছেন। স্বাধীনতাবিরোধীদের প্রতিহত করার জন্যে এরা বর্তমানে নীল অথবা গোলাপী প্যানেলের প্রতি তাদের সমর্থন দিতে যাচ্ছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।